

ইসলামী বিশ্ববিদ্যালয়ে
রাজনৈতিক কর্মকাণ্ড
পুনরায় নিষিদ্ধ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষ পুনরায় ক্যাম্পাসে সকল
প্রকার রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ
ঘোষণা করিয়াছেন। গত বৃহস্পতি-
(১০ম পৃ: ২-এর ক: দ্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়
(১ম পৃ: পর)

বার ভাইস-চ্যান্সেলর প্রফেসর
ইনাম-উল-হকের সভাপতিত্বে অনু-
ষ্ঠিত প্রক্টরিয়াল বডির সহিত ছাত্র
শিবির ব্যতীত অন্যান্য ছাত্র
সংগঠনের নেতৃবৃন্দের বৈঠকে
গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আগামী
৮ই জানুয়ারী হইতে চলতি শিক্ষা-
বর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও
বিবিএ কোর্সের ভর্তি ফরম বিতরণ,
পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের
দিন পর্যন্ত ক্যাম্পাসে রাজনৈতিক
তৎপরতা বন্ধ থাকিবে। উল্লেখ্য,
আগামী ১লা ফেব্রুয়ারী চলতি
শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শেষ
হওয়ার কথা।

এদিকে ছাত্রশিবির নতুন
নিয়োগপ্রাপ্ত প্রক্টরের বিরুদ্ধে
পক্ষপাতিত্বের অভিযোগ আনিয়া
তাহার উপস্থিতিতে কোন বৈঠকে
অংশ নিতে অস্বীকৃত জানাইয়াছে।
বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রধান
গেটের সামনে আয়োজিত এক
সমাবেশে তাহারা রাজনৈতিক
কর্মকাণ্ড নিষিদ্ধ করার সিদ্ধান্তের
প্রতিবাদ জানাইয়াছে।